

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৭১৯

২৬/ ফাযায়েল

পরিচ্ছেদঃ মহানবী (ৠৣর) এর নামাবলী

আরবী

عَنْ أَبِىْ هُرَيْرَةَ أَنَّ رَسُوْلَ اللهِ عَلَيْ قَالَ مَثَلِى وَمَثَلُ الْأَنْبِيَاءِ مِنْ قَبْلِىْ كَمَثَلِ رَجُلٍ بَنَى بُنْيَانًا فَأَحْسَنَهُ وَأَجْمَلَهُ إِلاَّ مَوْضِعَ لَبِنَةٍ مِنْ زَاوِيَةٍ مِنْ زَوَايَاهُ فَجَعَلَ النَّاسُ يَطُوفُونَ بِهِ وَيَعْجَبُونَ لَهُ وَيَقُوْلُونَ هَلاَّ وُضِعَتْ هَذِهِ اللَّبِنَةُ _ قَالَ _ فَأَنَا اللَّبِنَةُ وَأَنَا خَاتَمُ النَّبِيِّينَ

বাংলা

(২৭১৯) আবৃ হুরাইরা (রাঃ) কর্তৃক বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আমার এবং আমার পূর্ববর্তী নবীগণের উপমা হল এক ব্যক্তির মতো, যে একটি ঘর বানাল, অতঃপর তা সুন্দর ও সুদর্শন বানাল। কিন্তু এক কোণে একটি ইট বরাবর জায়গা খালি রাখল। লোকেরা তা ঘুরে-ফিরে দেখতে লাগল এবং মুগ্ধ হল। তারা বলতে লাগল, 'এই ইটটা কেন লাগানো হয়নি?' (নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,) বলা বাহুল্য, আমি হলাম সেই ইট, আমি হলাম 'খাতামুন নাবিয়ীন' (সর্বশেষ নবী)।

ফুটনোট

(বুখারী ৩৫৩৫, মুসলিম ৬১০১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন